

কলাস্নাতক অন্ত্য সিমেন্টার পরীক্ষা, ২০১৭

(প্রথম বর্ষ, দ্বিতীয় সিমেন্টার)

বাংলা

মধ্যযুগের বাংলা সাহিত্য

কোর্স ইউ. জি. - ২.১

সময় দু ঘণ্টা

পূর্ণমান ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

১. জয়ানন্দ তাঁর কাব্যে লিখেছেন--‘পাঁচালী করিল কৃন্তিবাস অনুভবি।’ অর্থাৎ কৃন্তিবাসের কাব্য অনুকরণ নয় অনুভবের দ্বারা সৃষ্ট যার ফলে তা হয়ে উঠেছে প্রায় স্বতন্ত্র এক রামায়ণ কাব্য। পাঠ্য লঙ্কাকাণ্ড-র বিষয়বস্তুর উপাদানগত বিশ্লেষণের মাধ্যমে বিষয়টি আলোচনা করে বুঝিয়ে দাও। ১০

অথবা

২. প্রাগাধুনিক পর্বে বাংলাদেশে বহু ধর্মগোষ্ঠীর উপস্থিতি ও সহাবস্থান ছিল অতীব প্রত্যক্ষ। কৃন্তিবাস তাঁর রামায়ণ কাব্যে বাঙালি সমাজ-জীবনের এই সত্যকে এড়িয়ে যেতে পারেননি। পাঠ্য অংশ অবলম্বনে মন্তব্যটি বিচার করো। ১০

৩. মনসার জন্ম ও সংশ্লিষ্ট আখ্যান থেকে বোঝা যায় যে এটি আসলে আদিম কৃষিজীবী সমাজের উর্বরতা (fertility) সংক্রান্ত আকাঙ্ক্ষার প্রকাশ। এ বিষয়ে তোমার মতামত দাও। ১০

(Turn over)

অথবা

৪. “বাও নাই বাতাস নাই লোহার ঘরে বাস।/কোন নাগিনী আসি প্রভুরে
কৈল নাশ।”—লখিন্দর দংশন পালায় বেছলার হাহাকার আর পূর্বাপর
ঘটনা কি কিছুটা ট্রাজিক মনে হয়; নাকি তুমি একে মহাকাব্যিক বলবে?
যুক্তিসহ তোমার মত জানাও। ১০

৫. রবীন্দ্রনাথের ‘নরনারী’ প্রবন্ধে সমীর বলেছিল, “কবিকঙ্কণ-চণ্ডীর সুবৃহৎ
সমভূমির মধ্যে কেবল ফুল্লরা...একটু নড়িয়া বেড়ায়, নতুবা ব্যাধটা একটা
বিকৃত বৃহৎ স্থাণুমাত্র...” কবিকঙ্কণ-চণ্ডীর ব্যাধখণ্ডের নায়ক-নায়িকা
সম্বন্ধে তোমারও কি তাই মত? নাকি তুমি অন্য কোনোভাবে চরিত্রদুটিকে
পড়তে চাও? যুক্তিসহ তোমার বক্তব্য উপস্থাপন করো। ১০

অথবা

৬. মুকুন্দ চক্রবর্তী তাঁর অভয়ামঙ্গলের বিভিন্ন জায়গায় কখনো বলেছেন যে
“বিচারি অনেক পুরাণ” তিনি তাঁর কাব্য রচনা করেছেন, কখনো বলেছেন
“মুকুন্দ রচিলা গীত লৌকিকের ভাষা” আবার কখনো বা দাবি করেছেন
“নূতন মঙ্গল অভিলাষে”ই তাঁর এই কাব্য প্রয়াস। নিজের লেখা সম্পর্কে
কবির এই বক্তব্য তোমার কতদূর গ্রহণযোগ্য মনে হয় তা ব্যাধখণ্ড
অবলম্বনে আলোচনা করে বুঝিয়ে দাও। ১০

৭. গৌড়ীয় বৈষ্ণব ধর্মান্দোলনের ঐতিহ্য অনুসরণে শ্রীচৈতন্যের স্বরূপ ও
আবির্ভাবের উদ্দেশ্য নির্মাণের যে প্রবণতা শুরু হয়েছিল শ্রীচৈতন্যের
জীবিতাবস্থায় তারই প্রকাশ ঘটেছে প্রথম পর্বের চৈতন্যচরিত কাব্য
বৃন্দাবনদাসের চৈতন্যভাগবতে। পাঠ্য অংশ অবলম্বনে মন্তব্যটি বিচার
করো। ১০

অথবা

৮. চৈতন্য-প্রবর্তিত বৈষ্ণব ধর্মান্দোলনের ক্ষেত্রে সবচেয়ে বড়ো বাধা হয়ে
দাঁড়িয়েছিল নবদ্বীপের অন্যান্য ধর্মগোষ্ঠী ও শাসকের বিরোধিতা আর
এই বিরোধিতার বিপক্ষে বৃহত্তর জনসমাজের কাছে সপার্বদ শ্রীচৈতন্য
দাঁড়িয়েছিলেন সামাজিক শ্রেণিসাম্যবাদকে হাতিয়ার করে। তোমার পাঠ্য
অংশ অবলম্বনে বিষয়টি আলোচনা করো। ১০

— X —